**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 20-06-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## AIDS-CM:

এইডসের বিরুদ্ধে লড়াইয়ে সংঘবদ্ধভাবে সাহস ও প্রতিশ্রুতি নিয়ে এগিয়ে আসতে হবে। এর পাশাপাশি রাজ্য সরকার ৮ম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত সেক্স এডুকেশন (যৌন শিক্ষা) এবং এইচআইভি/এইডস সম্পর্কিত একটি চ্যাপ্টার পাঠক্রমে যুক্ত করার পরিকল্পনা করছে এবং এবিষয়ে শীঘ্রই শিক্ষা দপ্তরের সাথে আলোচনা করা হবে।

এইডস কন্ট্রোল সোসাইটির উদ্যোগে গতকাল রাজ্য বিধানসভার লবিতে আয়োজিত এইডস সম্পর্কিত এক সচেতনতা সভায় একথা বলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা।

মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি নিয়ে কাজ করছে রাজ্য সরকার এবং দেশের মধ্যে ত্রিপুরা প্রথম রাজ্য যেখানে স্কুলগুলিতে রেড রিবন ক্লাব চালু করা হয়েছে বলেও তিনি জানান।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন, উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ প্রমুখ।

****************************

## PM, visit :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ থেকে বিহার, ওড়িশা এবং অন্ধ্রপ্রদেশে দুই দিনের সফরে যাবেন। সফরকালে, প্রধানমন্ত্রী বিহার এবং ওড়িশায় একাধিক উন্নয়নমূলক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং উদ্বোধন করবেন। আগামীকাল

প্রধানমন্ত্রী অন্ধ্রপ্রদেশের বিশাখাপত্তনমে ১১তম আন্তর্জাতিক যোগ দিবস উদযাপনে নেতৃত্ব দেবেন।

****************************

**Transport dept:**

পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরীর পৌরহিত্যে গতকাল সচিবালয়ে দপ্তরের উচ্চপদস্থ আধিকারিক, আরক্ষা প্রশাসন, ট্রাফিক পুলিশ এবং বিভিন্ন শ্রমিক সংগঠন ও সিন্ডিকেটের প্রতিনিধিদের উপস্থিতিতে গুরুত্বপূর্ণ বৈঠক হয়েছে। মন্ত্রী শ্রী চৌধুরী জানান, বৈঠকে পরিবহন দপ্তরের তরফ থেকে পূর্বঘোষিত সিদ্ধান্তগুলিকে কিছুটা সংশোধিত করে কিছু নতুন সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সিদ্ধান্ত অনুযায়ী মোহনপুর মহকুমার অধীন নরসিংগড়, বামুটিয়া, গান্ধীগ্রাম, মোহনপুর থেকে শহরের দিকে আগত অটোগুলি এখন যাত্রী নিয়ে রাজধানী আগরতলার সার্কিট হাউজ এর গান্ধী মূর্তির পাদদেশের গোল চক্কর পর্যন্ত যাত্রী নিয়ে আসতে পারবে ।জিরানিয়া মহকুমার অধীন জিরানিয়া, খয়েরপুর, রানিরবাজারের দিক থেকে আগত অটোগুলি চন্দ্রপুর বাস স্ট্যান্ড অথবা পুরানো জেলখানা পর্যন্ত যাত্রী নিয়ে আসতে পারবে। রাজধানী আগরতলার বিভিন্ন স্থানে গ্রামাঞ্চল থেকে বিভিন্ন কোচিং সেন্টারে পড়তে আসা ছাত্র-ছাত্রীরা রিজার্ভ অটোর মাধ্যমে শহরে প্রবেশ করতে পারবে। বৈঠকে উপস্থিত ছিলেন পরিবহন দপ্তরের সচিব উত্তম কুমার চাকমা সহ দপ্তরের অন্যান্য আধিকারিক ও পুলিশের পদস্থ আধিকারিকরা|

****************************

**ECI :**

ভোটারদের ছবি সহ পরিচয়পত্র দ্রুত সরবরাহ নিশ্চিত করার জন্য ভারতের নির্বাচন কমিশন একটি নতুন স্ট্যান্ডার্ড অপারেটিং প্রক্রিয়া (এস.ও.পি.) চালু

করেছে। এর মাধ্যমে ভোটার তালিকায় কোনো সংশোধন যেমন নতুন ভোটারের নাম অন্তর্ভুক্তি বা বর্তমান ভোটারের কোনো তথ্য পরিবর্তনের ১৫ দিনের মধ্যে এপিক বা পরিচয়পত্র সরবরাহ করা যাবে। এই উদ্যোগটি নির্বাচন কমিশনের বিভিন্ন নাগরিকবান্ধব ব্যবস্থার অংশ, যা প্রধান নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার এবং নির্বাচন কমিশনার ডঃ সুখবীর সিং সান্ধু ও ডঃ বিবেক জোশির তত্ত্বাবধানে গৃহীত হয়েছে। নতুন ব্যবস্থার মাধ্যমে এপিক তৈরির প্রক্রিয়া থেকে শুরু করে ডাক বিভাগের মাধ্যমে ভোটারের হাতে পৌঁছানো পর্যন্ত প্রতিটি ধাপ রিয়েল-টাইমে ট্র্যাক করা যাবে।

****************************

**Customs :**

আবগারি দপ্তরের অভিযানে আসাম ও ত্রিপুরায় ৩০ কোটি ১৭ লক্ষ টাকার মাদক বাজেয়াপ্ত করা হয়েছে। আবগারি দপ্তরের এক বিবৃতিতে জানানো হয়েছে, গত বুধবার মিজোরাম-শিলচর সড়কের পানিভোরা এলাকায় একটি গাড়িতে তল্লাশি করে ৮৮৫ দশমিক ৫৬ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়েছে। যার বাজার মূল্য ২২ কোটি ১৫ লক্ষ টাকা। তাছাড়া কমলপুর-খোয়াই সড়কের বাচাইবাড়িতে এক বাইক চালককে আটক করে চার কোটি ২ হাজার টাকার মেথামফেটামিন বাজেয়াপ্ত করা হয়েছে। নরসিংগড়ের সিঙ্গারবিলে অভিযান চালিয়ে চার কিলো ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত করা হয়েছে।

****************************

**Rath yatra :**

আসন্ন রথ যাত্রা উৎসব সুষ্ঠুভাবে সম্পন্ন করতে বেশকিছু নির্দেশিকা জারি করা হয়েছে। দমকল বিভাগের ডিভিশনাল অফিসার মোহন দেববর্মা গতকাল জানিয়েছেন, নতুন নির্দেশিকা অনুযায়ী রথযাত্রা উৎসব ২৭ জুন থেকে ৫ জুলাই

এর মধ্যে শেষ করতে হবে| রথের উচ্চতা পাঁচ মিটারের বেশি হতে পারবে না। রথযাত্রা শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য উদ্যোক্তাদের স্বেচ্ছাসেবক রাখতে হবে। প্রত্যেকটি রথ হতে হবে কাঠের। রথে কোন ধরনের ধাতব বস্তু যেমন লোহা বা ষ্টীল ব্যবহার করা যাবে না। পুলিশ, পূর্ত এবং ট্রাফিক দপ্তরের এক প্রতিনিধি দল নির্মিত রথটি পর্যবেক্ষণ করবেন। এই প্রতিনিধি দলের অনুমোদন পাবার পরেই রথ রাস্তায় বের করা যাবে।

****************************

**Yoga Divas:**

আগামীকাল পানিসাগর আরসিপিই কলেজ প্রাঙ্গনে সকাল ৭টায় পানিসাগর মহকুমা ভিত্তিক আন্তর্জাতিক যোগ দিবস উদযাপন করা হবে| মহকুমা ভিত্তিক আন্তর্জাতিক যোগ দিবস উদযাপন করার লক্ষ্যে গতকাল পানিসাগর নগর পঞ্চায়েতের সভাকক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়| পানিসাগর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন অনুরাধা দাসের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় পানিসাগর নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগন উপস্থিত ছিলেন|

এদিকে, তেলিয়ামুড়ার চিত্রাঙ্গদা কলাকেন্দ্রে আন্তর্জাতিক যোগ দিবস উদযাপনের অঙ্গ হিসেবে এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়| যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে এবং তেলিয়ামুড়া পুর পরিষদ, মহকুমা প্রশাসন ও তেলিয়ামুড়া ব্লকের সহযোগিতায় আয়োজিত হয় এই রক্তদান শিবির| প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারপার্সন রূপক সরকার| অনুষ্ঠানে উপস্থিত অতিথিগণ রক্তদান শিবিরের গুরুত্ব ও তাৎপর্য ব্যখ্যা করেন| শিবিরে মোট ৩০ জন রক্তদান করেন|

****************************

**Weather :**

আজকের আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারনত মেঘাচ্ছন্ন থাকবে| রাজ্যের গোমতী এবং দক্ষিণ জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ভারি থেকে অতি ভারী বৃষ্টিপাতের সর্তকতা জারি করা হয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৪ ডিগ্রি সেলসিয়াস| কাল থেকে ভোর সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ২ মিলিমিটার|

****************************

****************************